যুগান্তর

তারিখ 31 OCT 2016
পৃঃ ২৮ কলাম ৪

ঢাবির ভর্তি পরীক্ষা নিয়ে মন্তব্য

# কেউ আহত হলে দুঃখিত : শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

ভর্তি পরীক্ষা নিয়ে একটি মন্তব্যের পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতিক্রিয়ার জবাব দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। রোববার এক সংবাদ সম্মেলনে তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, তার বক্তব্যের খণ্ডিত অংশের ওপর শিক্ষকদের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছে। এরপরও কেউ আহত হয়ে থাকলে তিনি তার জন্য দুঃখিত।

২৬ অক্টোবর শিক্ষামন্ত্রী বলেন, 'একজন শিক্ষক আমাকে বলেছেন, নীলক্ষেতের ফুটপাতে অনেক ধরনের বই বিক্রি হয়— গান, জারি, নাচ, ছড়া, কবিতা নানা ধরনের বই। তারা নিজেরাও এসব বই দেখেননি। কয়েকটা বই তুলে নিয়ে এসে ওই বইয়ের লেখক কে— এ ধরনের প্রশ্ন (ভর্তি পরীক্ষায়) দেয়, (উত্তর) তারাও জানেন না। তার তো উদ্দেশ্য পাস-ফেল না, তাদের উদ্দেশ্য ৩৯ জনকে বাদ দেয়া, একজনকে রাখা। এখানে পাস ফেলের প্রশ্ন নয়, বিভ্রান্তি হচ্ছে।' ওই বক্তব্যে সত্যতা নেই দাবি করে শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক মন্ত্রীকে তার বক্তব্য স্পষ্ট করার অনুরোধ জানান।